

উচ্চ মাধ্যমিকেও ২০১৪ সাল থেকে সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা

■ ইন্ডেফাক রিপোর্ট

মাধ্যমিকের পর উচ্চ মাধ্যমিকেও সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃহত্তর শিক্ষা মন্ত্রণালয়ের আদি করা প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়, আগামী ২০১৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবসায়-উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, ইতিহাস, ইসলামের ইতিহাস, সমাজবিজ্ঞান ও সমাজকল্যাণ বিষয়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রশ্নের মানবর্ধন : পদার্থ বিজ্ঞান ও জীববিজ্ঞানে সৃজনশীল প্রশ্নের নম্বর ৪০, বহু নির্বাচনী প্রশ্নের নম্বর ৩৫ ও ব্যবহারিক পরীক্ষার নম্বর ২৫; হিসাববিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনায় সৃজনশীল প্রশ্নের নম্বর ৬০, বহু নির্বাচনী প্রশ্নের নম্বর ৪০; ইতিহাস, ইসলামের ইতিহাস, সমাজবিজ্ঞান সমাজকল্যাণে সৃজনশীল প্রশ্নের নম্বর ৬০, বহু নির্বাচনী প্রশ্নের নম্বর ৪০।